



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালী জেলা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৩ - ৩০ জুন, ২০২৪

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩-৫
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৬
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব	৭
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৮-১০
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	১১
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১২
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৩
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৪
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৫
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৬
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৭
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	১৮

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পটুয়াখালী জেলার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), স্থানীয় সরকার বিভাগের আওতাধীন একটি সংস্থা। নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়নের দায়িত্ব অর্পণ করে ১৯৩৫ সালে প্রতিষ্ঠা করা হয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। পরবর্তীতে ১৯৫৪ সালে এর সাথে যুক্ত করা হয় স্যানিটেশন সেবা প্রদানের দায়িত্ব। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) বর্তমানকালে ওয়াসার আওতাধীন এলাকা ব্যতীত সমগ্রদেশের নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা নির্মাণ ও ব্যবস্থাপনার দায়িত্ব পালন করছে।

পটুয়াখালী জেলায় নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা নির্মাণ ও ব্যবস্থাপনার দায়িত্ব জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালী জেলা –এর উপর ন্যস্ত। বিগত ৩(তিন) অর্থবছরে পল্লী ও পৌর এলাকায় প্রায় ৭৩০২টি হস্তচালিত গভীর নলকূপ স্থাপন, ০৯টি টি উৎপাদক নলকূপ স্থাপন, ১৯০০ টি গৃহ সংযোগ, ৪৯.৩৪ কি.মি. পাইপলাইন নির্মাণ, ০২টি ওভারহেড ওয়াটার ট্যাংক নির্মাণ, ১৪.৭৫কি.মি. আরসিসি ডেন নির্মাণ, ১২টি পাবলিক টয়লেট নির্মাণ, ১২টি কমুনিটি ল্যাট্রিন নির্মাণ, ২০টি পুকুর পুনঃখনন, ৫টি স্ট্রিক্ট হাইড্রেন্ট স্থাপন, ১টি পানি পরীক্ষাগার ভবন নির্মাণসহ বিভিন্ন কাজ সম্পন্ন করা হয়েছে। মুজিববর্ষ উপলক্ষে পটুয়াখালী জেলার বিভিন্ন উপজেলা ও উপজেলা অফিসসমূহে বৃক্ষ রোপন করা হয়েছে এবং জেলা কার্যালয়ে নিরাপদ খাবার পানির ব্যবস্থা করা হয়েছে। মুজিববর্ষ উপলক্ষে পটুয়াখালী জেলার বিভিন্ন উপজেলায় আশ্রয়ন প্রকল্পসমূহে প্রায় ৫৬০টি নলকূপ স্থাপন করা হয়েছে এবং আরও নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। এছাড়া, প্রতি বছর স্যানিটেশন মাস ও বিশ্ব হাত ধোয়া দিবস পালনের মাধ্যমে জেলাবাসীকে উন্নত স্যানিটেশন ও সু-স্বাস্থ্য বিষয়ে উদ্বুদ্ধ করা হয়।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

পটুয়াখালী জেলার পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল জেলাটি নদ-নদী বেষ্টিত। জেলার প্রায় বেশকিটি উপজেলাই নদী বেষ্টিত এবং দুর্গম। পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল অর্জিত অগ্রগতির স্থায়ীকরণ ও কার্যকারিতা বৃদ্ধিকরণ। এই চ্যালেঞ্জ উত্তরণের জন্য প্রয়োজন পানি সরবরাহ ও স্যানিটেশন খাতকে পৃথক সেক্টর হিসেবে স্বীকৃতি ও বিশেষ অগ্রাধিকার প্রদানপূর্বক পৃথক বাজেট বরাদ্দকরণ। সামগ্রিক কাজের মনিটরিং ও মূল্যায়নের জন্য প্রয়োজন সর্বজনীন কভারেজ সংজ্ঞায়িতকরণ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ। পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সঠিক ব্যবহার নিশ্চিতকরণের ক্ষেত্রে প্রধান অন্তরায়/সমস্যা হল এই খাতে অপ্রতুল বাজেট বরাদ্দ।

ভবিষ্যৎ পরিকল্পনা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির ভবিষ্যৎ পরিকল্পনা অনুযায়ী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পটুয়াখালী জেলায় নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নীতকরণ জন্য পানির উৎস স্থাপন, ভূ-পৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষণ, পৌরসভা, উপজেলা ও ইউনিয়নে পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন এবং স্বাস্থ্যসম্মত উন্নতমানের ল্যাট্রিনের কভারেজ

বৃদ্ধিকরণ এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নীতকরণ এবং জাতিসংঘ ঘোষিত “টেকসই উন্নয়ন অভীষ্ট” এর লক্ষ্যমাত্রা ৬.২ অনুযায়ী, “২০৩০ সালের মধ্যে সকলের জন্য সমতা ও পর্যাপ্ততার ভিত্তিতে স্যানিটেশন ও ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যার সুযোগ সৃষ্টি করা, খোলা জায়গায় মলত্যাগ নির্মূল করা এবং নারী ও ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে বিদ্যমান জনগোষ্ঠীর স্যানিটেশন ও স্বাস্থ্য পরিচর্যার উপর বিশেষ গুরুত্বারোপ করা”।

২০২৩-২০২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- পল্লী ও পৌর এলাকায় বিভিন্ন ধরনের পানির একক উৎস স্থাপন – ২৬০০ টি
- ওয়াটার সাপ্লাই স্কিম – ৫ টি
- কমিউনিটি ল্যাট্রিন স্থাপন- ৫টি
- পৌর এলাকায় পানির গৃহ সংযোগ স্থাপন- ১০০ টি
- ট্রান্সফার স্টেশন নির্মাণ- ৩ টি
- স্ট্রিট হাইড্রেন্ট নির্মাণ – ১৮টি
- কমুনাল বিন – ১৮টি
- সমন্বিত বর্জ্য-ব্যবস্থাপনা নির্মাণ – ১টি
- রেইন ওয়াটার হার্ডেস্টর নির্মাণ – ১৯৯০টি
- পরীক্ষাগারে পরীক্ষিত পানির নমুনা- ২৬০০ টি

প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালী জেলা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন: